

21705 - মোজার উপর মাসেহ করার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর কতটুকু সময় পবিত্রতা অটুট থাকবে

প্রশ্ন

প্রশ্ন: আমি পড়েছি যে, মোজার উপর মাসেহ এর মেয়াদ মুকীম এর জন্য একদিন এক রাত আর মুসাফিরের জন্য তিন দিন তিন রাত। যখন মেয়াদ শেষ হয়ে যাবে তখন কি ওজু ভেঙ্গে যাবে; নাকি পবিত্রতা অটুট থাকবে?

প্রিয় উত্তর

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:

সঠিক মতানুযায়ী মাসেহ করার মেয়াদ শেষ হলেও ওজু ভঙ্গবে না। অর্থাৎ যদি মাসেহ করার মেয়াদ দুপুর ১২ টায় শেষ হয়ে যায়; কিন্তু রাত পর্যন্ত আপনার পবিত্রতা ভঙ্গ না হয় তাহলে আপনি পবিত্রতার উপর রয়েছেন। কেননা মাসেহ করার সময় শেষ হওয়ার সাথে সাথে ওজু ভেঙ্গে যায় এই মর্মে কোন দলিল নেই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাসেহ করার সময়কাল নির্দিষ্ট করে দিয়েছেন; কিন্তু তিনি পবিত্রতার সময়কাল নির্দিষ্ট করে দেননি। তালিবুল ইলমের উচিত এ নিয়মটি খেয়াল রাখা; সেটা হচ্ছে— যে জিনিস কোন শরয়ি দলিলের মাধ্যমে সাব্যস্ত হয়েছে সেটা শরয়ি দলিল ছাড়া রহিত হবে না। কেননা মূলনীতি হচ্ছে— যেটা যে অবস্থায় আছে সেটা সে অবস্থায় অটুট থাকা।

আল্লাহ্ই অধিক জ্ঞাত।